

ভারত-উজবেকিস্তান ফরেন অফিস কনসালটেশন

এয়োদশ ভারত-উজবেকিস্তানের মধ্যে ফরেন অফিস কনসালটেশন অনুষ্ঠিত হল নয়াদিল্লিতে, মার্চ ২৩, ২০১৭। ভারতীয় তরফে নেতৃত্ব দেন শ্রীমতি প্রীতি সরণ, সচিব (পূর্ব) এবং উজবেকের তরফে নেতৃত্ব দেন জনাব দিলয় খাকিমোভ, বিদেশ মন্ত্রকের ডেপুটি মন্ত্রী (পশ্চিম)। উচ্চপর্যায়ের রাজনৈতিক বিনিময়, প্রতিরক্ষা সহযোগিতা, ব্যবসা-বাণিজ্যিক সম্পর্ক, উন্নয়নমূলক সহযোগিতা, যোগাযোগ, সাংস্কৃতিক এবং কনসুলার বিষয়ের পাশাপাশি ভারত এবং উজবেকিস্তান কূটনৈতিক সম্পর্কের ২৫তম বর্ষ উদযাপনের পরিকল্পনা-সহ বিভিন্ন বিষয় নিয়ে বৈঠকে উভয় পক্ষ বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও এসসিও-র মতো আঞ্চলিক বিভাগের সহযোগিতা এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির সংস্কার-সহ আঞ্চলিক এবং বিশ্বজনীন বিষয়গুলি নিয়ে উভয়পক্ষ মত বিনিময় করে।

এছাড়াও দিনের শুরুতে উজবেকিস্তানের ডেপুটি বিদেশমন্ত্রী সাক্ষাত করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব এম জে আকবরের সঙ্গে।

ফরেন অফিস কনসালটেশনের পর ডিএফএম খাকিমোভ সাক্ষাৎ করেন বাণিজ্য সচিবের সঙ্গে।

এই বিস্তৃত আলোচনা অনুষ্ঠিত হয় পুরোপুরি মুক্ত পরিবেশে, যা ভারত-উজবেক অংশীদারিত্বের ভিত্তিকে আরও মজবুত করবে।

নয়াদিল্লি

মার্চ ২৩, ২০১৭